



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
জেলা সমবায় অফিসারের কার্যালয়  
জয়পুরহাট

বঙ্গবন্ধুর দর্শন,  
সমবায় উন্নয়ন

co-operative.joypurhat.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬১.৩৮০০.০০০.০৬.০০৪.১৮.৩০৭

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৯

২১ নভেম্বর ২০২২

বিষয়: আক্কেলপুর পুরাতন বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লি. এর অন্তর্বর্তী কমিটি নিয়োগ প্রসঙ্গে।

সূত্র: উপজেলা সমবায় অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট মহোদয়ের স্মারকনম্বরঃ ২৯৫ তারিখঃ ২০/১১/২০২২ খ্রিঃ  
মূলে।

আক্কেলপুর পুরাতন বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নং ৩৩১ তারিখ- ০২/০৮/২০০৩ খ্রি., গ্রাম- আক্কেলপুর, ডাকঘর- আক্কেলপুর, উপজেলা আক্কেলপুর, জেলা- জয়পুরহাট এর পূর্ববর্তী অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি মেয়াদকালীন সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠানে ব্যর্থ হওয়ায় ও সমিতির ব্যবস্থাপনায় শূন্যতা বিরাজ করায় নির্বাচনের মাধ্যমে নতুন ব্যবস্থাপনা কমিটি গঠন কল্পে উপজেলা সমবায় অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট এর স্মারক নম্বর ২৯৫ তারিখঃ ২০/১১/২২ খ্রিঃ মূলে সুপারিশের প্রেক্ষিতে সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধন/২০০২ ও ২০১৩) এর ১৮(৭) ধারায় অর্পিত ক্ষমতা বলে নিম্নবর্ণিত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট অন্তর্বর্তী কমিটি ১২০ (একশত কুড়ি) দিনের জন্য নিয়োগ করা হলো।

১) জনাব মোঃ ইয়াজ উদ্দীন মন্ডল - সভাপতি

উপজেলা সমবায় অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট

ও সভাপতি, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, আক্কেলপুর পুরাতন বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ।

২) জনাব মো. আব্দুস সাত্তার মন্ডল- সদস্য

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আক্কেলপুর, জয়পুরহাট

ও সদস্য, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, আক্কেলপুর পুরাতন বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ।

৩) জনাব এ.এন.এম মনোয়ারুল ইসলাম- সদস্য

সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিস, আক্কেলপুর, জয়পুরহাট ও সদস্য

অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, আক্কেলপুর পুরাতন বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ।

উল্লেখ্য যে, উক্ত কমিটি নিয়োগের তারিখ হতে ১২০ (একশত কুড়ি) দিনের মধ্যে গণনা করা হইবে। নিয়োগকৃত কমিটি নির্ধারিত সময়ের মধ্যে সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধন/২০০২ ও ২০১৩) এর ১৮(৬) ধারা মোতাবেক নির্বাচন সম্পন্ন করতঃ নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির নিকট সমিতির দায়িত্বভার হস্তান্তর করবেন।

উল্লেখ্য যে, নিয়োগকৃত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নীতি নির্ধারনী কোন কাজ সম্পাদন করতে পারবে না।

স্বাঃ

(মোঃ ইসমাইল হোসেন সিরাজী)

জেলা সমবায় অফিসার

জয়পুরহাট।

১) জনাব মোঃ ইয়াজ উদ্দীন মন্ডল, উপজেলা সমবায় অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট ও সভাপতি, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, আক্কেলপুর পুরাতন বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ তাকে পূর্ববর্তী অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির নিকট হতে সমিতির দায়িত্বভার বুঝে নেওয়ার জন্য অনুরোধ করা হলো।

২) সভাপতি, পূর্ববর্তী অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, আক্কেলপুর পুরাতন বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ। তাকে নতুন অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির নিকট সমিতির দায়িত্বভার বুঝে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

৩) উপজেলা সমবায় অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট।

৪) অফিস কপি।

উপজেলা সমবায় অফিসার  
উপজেলা সমবায় অফিস, আক্কেলপুর, জয়পুরহাট



২১-১১-২০২২

মোঃ ইসমাইল হোসেন সিরাজী

জেলা সমবায় কর্মকর্তা

ফোন: ০৫৭১৬২২৪৬

ফ্যাক্স: ০২৫৮৯৯১৫৬৫৩

ইমেইল:

[dco\\_joypurhat@yahoo.com](mailto:dco_joypurhat@yahoo.com)